সমকাল

তারিখ 30 MAR 2018
পৃষ্ঠা ৫ কলাম ৪

# এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে সহযোগিতা চাই

## — শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শিক্ষক, অভিভাবক, গণমাধ্যম ও সর্বস্তরের জনগণের সহযোগিতা চেয়েছেন। বৃহস্পতিবার রাজধানীর লালমাটিয়া মহিলা কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ সহযোগিতা চান তিনি।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. মো. মশিউর রহমান বক্তব্য দেন।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে গতকাল বিকেলে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মো. মাহাবুবুর রহমান।